

“ছেলে হোক, মেয়ে হোক
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫
www.dgfp.gov.bd



নং ৫৯.১১.০০০০.১৫২.১১.০০৮.২০-২৫৬৯

তারিখ : ০৫ কার্তিক ১৪২৮
২১ অক্টোবর ২০২১

নিয়োগ পরীক্ষা গ্রহণের বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৮.১০.২০২০ তারিখের ৫৯.১১.০০০০.১৫২.১১.০০২.২০-২০৭২ সংখ্যক স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির ৩৬ ক্যাটাগরি পদের মধ্য হতে ই.পি.আই.টেকনিশিয়ান এবং কার্ডিওগ্রাফার এ ২ (দুই) ক্যাটাগরি পদের লিখিত পরীক্ষা আগামী ৩০.১০.২০২১ তারিখ শনিবার সকাল ১১.০০ ঘটিকায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরে (প্রবেশপত্রে উল্লিখিত স্থানে) অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ২১.১০.২০২১ তারিখ থেকে পরীক্ষার পূর্ব পর্যন্ত <http://dgfp.teletalk.com.bd> ওয়েবসাইট হতে প্রবেশপত্র ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো।

২। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ বাধ্যতামূলক। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। পরীক্ষার্থীদেরকে অবশ্যই মাস্ক পরিধান করে কেন্দ্রে প্রবেশ করতে হবে।

৩। পরীক্ষার প্রবেশপত্র সংক্রান্ত যে কোন সমস্যার দ্রুত সমাধানের জন্য সঠিক মাপের ছবি, স্বাক্ষর, আবেদনের কপি, জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্ট বা জন্ম নিবন্ধন এর কপি সংযুক্তিপূর্বক dgfprecruitment@gmail.com এবং vas.query@teletalk.com.bd ইমেইলে ২৮.১০.২০২১ তারিখ বৃহস্পতিবার বেলা ১২.০০টার মধ্যে প্রেরণের/আবেদনের জন্য অনুরোধ করা হলো।

পরিচালক (প্রশাসন)